# Times Today BD

ডেস্ক রিপোর্ট | রাজনীতি | 06 July, 2025

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান গত ১৬ বছরে আওয়ামী লীগের শাসনকে 'ইয়াজিদ বাহিনীর বর্বরতার সমতুল্য' বলে আখ্যা দিয়েছেন।

শনিবার (৫ জুলাই) পবিত্র আশুরা উপলক্ষে প্রকাশিত এক বিবৃতিতে তিনি বলেন, বর্তমান সরকারের শাসনামলে গুম, বিচারবহির্ভূত হত্যাকাণ্ড, লুটপাট ও অর্থ পাচারের মাধ্যমে দেশের মানুষ পীড়িত হয়েছে।

তারেক রহমান বলেন, '১০ মহররম হলো মুসলিম উম্মাহর জন্য এক স্মরণীয় ও হৃদয়বিদারক দিন।এ দিনে কারবালার প্রান্তরে হযরত ইমাম হোসেন (রা.) সত্য ও ন্যায়ের পক্ষে দাঁড়িয়ে শাহাদাত বরণ করেন, যা মানবজাতির জন্য এক অনুকরণীয় দৃষ্টান্ত।

তিনি আরও বলেন, 'ইমাম হোসেন (রা.)-এর আত্মত্যাগ ন্যায়বিচার ও মানবিক মর্যাদার বার্তা বহন করে এবং নিপীড়িত মানুষের মুক্তির সংগ্রামের অনুপ্রেরণা।যারা ক্ষমতার মোহে মানবতাকে পদদলিত করেছে, তাদের বিরুদ্ধে আজও এই সংগ্রাম জীবন্ত প্রতীক।

তারেক রহমানের অভিযোগ, বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়াকে মিথ্যা মামলায় সাজা দিয়ে কারারুদ্ধ রেখে সুচিকিৎসা থেকে বঞ্চিত করা হয়েছে, যা 'এক ধরনের পৈশাচিকতা'।

বিবৃতির শেষাংশে তিনি শহীদ ইমাম হোসেন (রা.) ও তাঁর পরিবার ও সঙ্গীদের প্রতি শ্রদ্ধা জানান এবং তাদের রুহের মাগফিরাত কামনা করেন।

বিএনপি তারেক রহমান বেগম খালেদা জিয়া আওয়ামী লীগ

© 2025 TimesToday. All Rights Reserved.